

জগন্নাথ

প্রিন্ট: ৩০ অক্টোবর ২০২৫, ১২:২৬ পিএম


শিক্ষান্তর

জবির ভর্তি পরীক্ষা শুরু ১৩ ডিসেম্বর



জবি প্রতিনিধি

প্রকাশ: ৩০ অক্টোবর ২০২৫, ১২:৪০ এএম



ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ১০২৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১৩ ডিসেম্বর শুরু হবে। চারুকলা অনুষদভুক্ত ই-ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়েই এবারের ভর্তি কার্যক্রমের সূচনা হবে।

বুধবার (২৯ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৭৫তম (জরুরি) সভায় ভর্তি পরীক্ষার চূড়ান্ত তারিখ নির্ধারণ করা হয়।

জকসু আয়োজনে পাঁচ সদস্যের নির্বাচন কমিশন গঠন

সভায় সিদ্ধান্ত হয় -ই-ইউনিট (চারুকলা অনুষদ) ১৩ ডিসেম্বর (শনিবার), এ-ইউনিট (বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ) ১৬ ডিসেম্বর শুক্রবার, সি-ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) ২৭ ডিসেম্বর (শনিবার), ডি-ইউনিট (সামাজিক বিজ্ঞান অনুষদ) ৯ জানুয়ারি ১০২৬ (শুক্রবার) এবং বি-ইউনিটের (কলা ও আইন অনুষদ ভর্তি পরীক্ষা ১৩ জানুয়ারি (শুক্রবার) অনুষ্ঠিত হবে।

এদিন সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিনা শরমীন, বিভিন্ন অনুষদের ডিনবুন্দ, বিভাগীয় চেয়ারম্যানবুন্দ ও একাডেমিক কাউন্সিলের সদস্যবুন্দ উপস্থিত ছিলেন।